



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ৮৫৪/ক/অনু./২০১৭/২৪৬

তারিখ: ১১/০৯/২০২৫

বিষয়: উচ্চমাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

- সূত্র: ১. বোর্ডের ০১/০৬/২০২৫ তারিখে অনুষ্ঠিত উচ্চমাধ্যমিক পর্যায়ে মঞ্জুরী কমিটির ১০ সভার সুপারিশ।  
২. ০১/০৬/২০২৫ তারিখে মঞ্জুরী কমিটির সুপারিশের ভিত্তিতে এক পরবর্তী বোর্ড সভায় অনুমোদন সাপেক্ষে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, ঢাকা মহানগরীর তেজগাঁও থানাধীন "সিভিল এডিয়েশন স্কুল এন্ড কলেজ"-কে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ নিম্নোক্ত শর্তসাপেক্ষে ০১/০৭/২০২৫ তারিখ থেকে ৩০/০৬/২০২৮ তারিখ পর্যন্ত মোট ০৩ (তিন) বছর মেয়াদে উচ্চমাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো।

আবশ্যিক বিষয়সমূহ	মানবিক বিভাগের বিষয়সমূহ	ব্যবসায় শিক্ষা বিভাগের বিষয়সমূহ	বিজ্ঞান বিভাগের বিষয়সমূহ
১। বাংলা ২। ইংরেজি ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	১। অর্থনীতি ২। কৃষি শিক্ষা ৩। সমাজবিজ্ঞান ৪। পৌরনীতি ও সুশাসন ৫। ইসলাম শিক্ষা ৬। গার্হস্থ্য বিজ্ঞান	১। হিসাববিজ্ঞান ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ৩। ফিন্যান্স ব্যাংকিং ও বীমা ৪। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন	১। পদার্থ ২। রসায়ন ৩। জীববিজ্ঞান ৪। উচ্চতর গণিত

শর্তসমূহ:

- নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে;
- নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণে জমি থাকতে হবে এবং উক্ত জমিতে ভবন নির্মাণ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। কোন অবস্থায় ভাড়াভুক্ত বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না;
- কলেজের নামে জমির খতিয়ান সংগ্রহ করে অনলাইনে হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে;
- কলেজ প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বোর্ডের পূর্বনুমতি ছাড়া উঠানো যাবে না;
- কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা সর্বসময় জমা রাখতে হবে;
- সরকারি নীতিমালা অনুযায়ী NTRCA কর্তৃক সুপারিশকৃত শিক্ষক নিয়োগ করতে হবে এবং প্যাটার্ন বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।
- আগামী ০১(এক) বছরের মধ্যে উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থী সংখ্যা ও ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- বোর্ডের পূর্বনুমতি ব্যতীত কলেজের কোন শাখা/ক্যাম্পাস চালু করা যাবে না;
- বিধি মোতাবেক নিয়মিত কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন নিতে হবে;
- উচ্চমাধ্যমিক পর্যায়ে ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে মন্ত্রণালয়ের ২৩/০৭/২০২৩ তারিখের প্রজ্ঞাপনের আলোকে উচ্চমাধ্যমিক স্তরের জন্য ২৫,০০,০০০(পঁচিশ লক্ষ) টাকা যৌথ নামে (১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/গভর্নিং বডি'র সভাপতি (২) জেলা শিক্ষা অফিসার/প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমা থাকতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে।
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ/১০এম ৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে;
- প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে;
- ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে, কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে;
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা -২০২২ (সংশোধিত-২০২৩) অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাক্ষর:

প্রফেসর মোঃ রিজাউল হক

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ০১৫৫০৪১১২০৪

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ/সভাপতি

সিভিল এডিয়েশন স্কুল এন্ড কলেজ (EIN-108517)

থানা: তেজগাঁও, জেলা: ঢাকা মহানগরী।

মেমো নং- ২৪৬ (০)

তারিখ: ১১/০৯/২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- পরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
- জেলা প্রশাসক, ঢাকা।
- পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- অফিস কপি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ঢাকা।